



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২৩১.০৩.০০২.১৯/৫৬০


তারিখ: ০ ৪/০৩/২০২৪খ্রিঃ

“ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরীণ টার্মিনাল ভবনের সম্মুখস্থ অভ্যন্তরীণ কারপার্কিং (আয়তন ১৫,৯৫০ বর্গফুট) এ প্রবেশকৃত যানবাহনের প্রবেশ ফি আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	বিবরণ	অবস্থান
০১।	হুশাআবি'র অভ্যন্তরীণ টার্মিনাল ভবনের সম্মুখস্থ অভ্যন্তরীণ কারপার্কিং	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অভ্যন্তরীণ টার্মিনাল ভবনের সম্মুখস্থ অভ্যন্তরীণ কারপার্কিং। (চৌহদ্দি: পশ্চিমে-অভ্যন্তরীণ টার্মিনাল ভবনের প্রবেশ সড়ক ও নতুন কন্টোল টাওয়ার, পূর্বে-আভারপাস এর এ্যাপ্রোন, উত্তরে- খালি জায়গা এবং লেক ও দক্ষিণে- অভ্যন্তরীণ টার্মিনাল ভবনের প্রবেশ সড়ক)
০২।	ইজারার মেয়াদ	: প্রাথমিকভাবে ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে ৩০/০৬/২০২৫ খ্রিঃ পর্যন্ত (আর্থিক সন বিবেচনায় ০১ বছর হিসাবে গণ্য হবে); যা ইজারানীতিমালা, ২০১৯ অনুযায়ী নবায়নযোগ্য।
০৩।	প্রতি সেট ইজারা দরপত্রের নির্ধারিত মূল্য	: ২,০০০/- (দুই হাজার) টাকা + ভ্যাট (অফেরতযোগ্য)।
০৪।	নির্ধারিত আর্নেস্ট মানি	: আর্নেস্ট মানি হিসেবে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'র অনুকূলে জমা করে ইজারা দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৫।	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারামূল্য (বার্ষিক)	: ১,০৮,৬২,২১৬/- (এক কোটি আট লক্ষ বাষট্টি হাজার দুইশত ষোল) টাকা।
০৬।	ইজারা দরপত্র বিক্রয়ের স্থান	: অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত স্থানসমূহ হতে ইজারা দরপত্র সিডিউল ক্রয় করা যাবে: (ক) পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ), সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (খ) পিএ টু প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (গ) নির্বাহী পরিচালক, হুশাআবি'র, হিসাব/রাজস্ব শাখা, কুর্মিটোলা, ঢাকা। (ঘ) হিসাব শাখা, সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (ঙ) সম্পত্তি ব্যবস্থাপনা বিভাগ, সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
০৭।	ইজারা দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	: ২৮/০৩/২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময়।
০৮।	দরপত্র দাখিলের স্থান তারিখ ও সময়	: পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 th Floor), নতুন সদর দপ্তর, সিএএবি, ঢাকা। তারিখঃ ৩১/০৩/২০২৪খ্রিঃ সময়: ১২:০০ ঘটিকা পর্যন্ত।
০৯।	ইজারা দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	: পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 th Floor), নতুন সদর দপ্তর, সিএএবি, ঢাকা। তারিখঃ ৩১/০৩/২০২৪খ্রিঃ সময়: ১২:৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলীঃ (ক) নিজ নিজ সংস্থা/মালিকানাধীন প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) সীলমোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে। (গ) ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে। (ঘ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল অথবা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে। (ঙ) নির্বাচিত দরদাতা কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে (i) আধুনিক স্বয়ংক্রিয় পার্কিং বেরিয়ার সিস্টেম স্থাপন; (ii) স্বয়ংক্রিয় পার্কিং মনিটরিং সিস্টেম ব্যবহার; (iii) ৬ মাস ধারন ক্ষমতা সম্পন্ন ডাটাবেজ প্রস্তুত ও ব্যবহার এবং সংরক্ষণ; (iv) অটোম্যাটিক টিকেটিং সিস্টেম ব্যবহার; (v) Automatic Number Plate Recognition (ANPR) ক্যামেরা স্থাপন এবং (vi) অত্যাধুনিক সিস্টেম সফটওয়্যার স্থাপন (০৫ ঘণ্টার অধিক সময় কোন গাড়ি পার্কিং এলাকায় থাকলে রিমাইন্ডার দেওয়া) করতে হবে। (চ) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে, এছাড়া সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে।


(ইসরাত জাহান পাড়া)
পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)